এই তফসিলে ঐক্যফ্রন্ট নির্বাচনে যাবে না

নিউজবিডি৭১ডটকম
ঢাকা : আসন্ন জাতীয় সংসদ নির্বাচন নিয়ে যে তফসিল ঘোষণা করা হয়েছে এই তফসিলে জাতীয় ঐক্যফ্রন্ট নির্বাচনে যাবে না।

জাতীয় সমাজতান্ত্রিক দলের (জেএসডি) সভাপতি ও ঐক্যফ্রন্টের নেতা আ স ম আবদুর রব গণমাধ্যমকে এ তথ্য জানিয়েছেন।
এর আগে বৃহস্পতিবার জাতির উদ্দেশে ভাষণ দেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। এসময় তিনি একাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করেন।

সিইসির তফসিল ঘোষণার পর তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় নির্বাচনে না যাওয়ার বিষয়ে আ স ম আবদুর রব গণমাধ্যমকে এ তথ্য জানান।

আ স ম আবদুর রব
ঘোষিত তফসিল অনুযায়ী আগামী একাদশ জাতীয় সংসদ নির্বাচন একাদশ সংসদ নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ ১৯ নভেম্বর, মনোনয়নপত্র বাছাই ২২ নভেম্বর, প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ২৯ এবং ২৩ ডিসেম্বর ভোট গ্রহণ।

নিউজবিডি৭১ /বিসি /নভেম্বর ০৮ , ২০১৮